

নীতিমালা, গবেষণা ও মূল্যায়ন

/ বর্ণগত অসংকলিত তথ্য সংগ্রহের কর্মকাঠামো ও নির্দেশিকা

জাতিসত্তা ভিত্তিক তথ্য সংগ্রহকে শক্তিশালী ও মানসম্মত করা হবে, সরকার ও প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অসংকলিত ডাটা বিশ্লেষণ ও জনসমক্ষে প্রকাশ করা হবে।

/ বর্ণবাদ-বিরোধী প্রভাব মূল্যায়নের কর্মকাঠামো

বিভিন্ন আদিবাসী ও জাতিবিদ্বেষের শিকার গ্রুপগুলো সরকার ও প্রতিষ্ঠানগুলোর কর্মসূচি ও নীতিমালা দ্বারা কিভাবে প্রভাবিত হতে পারে তা পরীক্ষা করার দ্বারা অসচেতনতাজনিত পক্ষপাতগুলো সম্পর্কে স্ব-প্রণোদিত হয়ে পূর্বানুমান ও দূর করা হবে।

টেকসহতা ও জবাবদিহিতা

/ বর্ণবাদ বিরোধী আইন প্রণয়ন

প্রস্তাবিত আইনের মাধ্যমে সরকারের চলমান বর্ণবাদ-বিরোধী অঙ্গীকারকে সহায়তা করা হবে, যা অনুমোদিত হলে প্রতিষ্ঠানগুলোকে জাতিবিদ্বেষ সম্পর্কিত ডাটা সংগ্রহের মানদণ্ড এবং একটি বর্ণবাদ-বিরোধী প্রভাব মূল্যায়নের কর্মকাঠামো ব্যবহারে বাধ্য করতে সরকারকে ক্ষমতা প্রদান করবে। প্রস্তাবিত আইনটি বর্ণবাদ-বিরোধী উদ্যোগগুলোকে নবায়নযোগ্য বহু-বার্ষিক কৌশলগত পরিকল্পনার মাধ্যমে পরিমাপযোগ্য লক্ষ্য, জনসমক্ষে প্রতিবেদন প্রকাশ ও সম্প্রদায়ের সাথে আলোচনার উপায়ও প্রদান করবে।

/ অগ্রগতি সম্পর্কে জনসমক্ষে প্রতিবেদন প্রকাশ

A Better Way Forward-এ চলমান ফলাফল দেখানো হবে এবং লক্ষ্য উত্তান শেয়ার করা হবে।

গণশিক্ষা ও সচেতনতা

/ লক্ষ্যমুখী গণশিক্ষা ও সচেতনতা উন্নয়ন

কৃষ্ণাঙ্গ-বিদ্বেষ, আদিবাসী-বিদ্বেষ, ইহুদীবিদ্বেষ, ইসলামভীতি এবং শিখসহ বিভিন্ন জাতিগোষ্ঠীর বিরুদ্ধে বিভিন্ন ধরনের বর্ণবাদ সম্পর্কে জনগণের বোধগম্যতাকে শাণিত করা হবে।

এই কাজের অংশ হিসেবে ইসলামভীতির কারণ ও প্রভাব আরো ভালোভাবে বুঝতে কমিউনিটি প্রতিষ্ঠানগুলোকে সম্পৃক্ত করা হবে, শিক্ষার্থীদের জন্য গণশিক্ষা উন্নয়ন করা হবে এবং ইসলামভীতি বিষয়ক প্রতিবেদিত ঘটনাগুলোর সংগ্রহ ও প্রকাশনাগুলো খতিয়ে দেখা হবে।

কমিউনিটি সহযোগিতা

/ মন্ত্রীর বর্ণবাদ-বিরোধী পরামর্শ গ্রুপ

পরিকল্পনা বাস্তবায়নে সাহায্য করতে কমিউনিটি অংশীদার ও ব্যবসায়িক প্রতিনিধিদের সাথে চলমান সংলাপকে স্বরাশ্রিত করার জন্য বর্ণ-বিদ্বেষ ও বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ এবং বাস্তব অভিজ্ঞতাকে সম্পৃক্ত করা হবে।

/ বর্ণবাদ-বিরোধী সম্মেলন

সরকারের বর্ণবাদ-বিরোধী হাতিয়ার, কৌশল ও কর্মকাঠামো নিয়ে জ্ঞান বিনিময় ও মূল্যায়ন করতে গবেষক, কমিউনিটি অংশীদার, বিশেষজ্ঞ ও নীতি নির্ধারকদেরকে একত্রিত করা হবে।

জনসংখ্যা-ভিত্তিক বর্ণবাদ-বিরোধী উদ্যোগসমূহ

বর্ণবাদ সামগ্রিকভাবে মোকাবেলা করা জরুরি, তবে সব ক্ষেত্রে একই পদ্ধতি কাজ করবে না। তাই, নির্দিষ্ট সম্প্রদায়গুলো যেসব অসামঞ্জস্যপূর্ণ বৈষম্যের শিকার হয় সেগুলো মোকাবেলা করা অপরিহার্য।

/ কৃষ্ণাঙ্গ-বিরোধী বর্ণবাদের কৌশল

সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের উদ্যোগসমূহের সাথে সামঞ্জস্য রেখে এবং জনসমক্ষে প্রতিবেদিত পরিমাপযোগ্য লক্ষ্য নির্ধারণপূর্বক নির্দিষ্ট কোনো থাকে, যেমন: শিশু কল্যাণ, শিক্ষা ও ন্যায়বিচার, কৃষ্ণাঙ্গ-বিরোধী বর্ণবাদ মোকাবেলা করা হবে।

/ আদিবাসীকেন্দ্রিক বর্ণবাদ- বিরোধী কৌশল

সমঝোতার প্রতি সরকারের অঙ্গীকার প্রদর্শনপূর্বক, আদিবাসী লোকজন যেসব পদ্ধতিগত বর্ণবাদের শিকার হয় সেগুলো মোকাবেলার জন্য আদিবাসী অংশীদারদের সহযোগিতায় গড়ে তোলা হবে।

/ অন্টারিওর সরকারি পরিষেবায় (OPS) বর্ণবাদ-বিরোধী কৌশল

পদ্ধতিগত বর্ণবাদ সম্পর্কে কর্মীদের সচেতনতা ও সংবেদনশীলতা বৃদ্ধি করা হবে, এবং OPS-এ বর্ণবাদের বিরুদ্ধে লড়াই করার জন্য সরঞ্জাম, হাতিয়ার ও লক্ষ্যবস্তু উন্নয়ন ও বাস্তবায়ন করা হবে।



A BETTER WAY FORWARD: অন্টারিওর 3-বছর মেয়াদী বর্ণবাদ-বিরোধী কৌশলগত পরিকল্পনার লক্ষ্য হলো সরকারের নীতিমালা, সিদ্ধান্তসমূহ ও কর্মসূচিগুলোতে বিদ্যমান পদ্ধতিগত বর্ণবাদ নিয়ে কাজ করা যাতে প্রত্যেকেই তাদের অনন্য সম্ভাবনাকে ফুটিয়ে তুলতে এবং সমাজে পুরোপুরিভাবে অংশগ্রহণ করতে পারে।

কৃষ্ণাঙ্গ-বিরোধী বর্ণবাদ, আদিবাসী-বিরোধী বর্ণবাদ, ইসলামভীতি ও বর্ণবিদ্বেষের শিকার অন্যান্য সম্প্রদায়ের অভিজ্ঞতালব্ধ বর্ণবাদ সহ - পদ্ধতিগত বর্ণবাদ আমাদের দৈনন্দিন জীবনে এবং আমরা গুরুত্বপূর্ণ পরিষেবা পেতে সেসব প্রতিষ্ঠানের উপর নির্ভর করে থাকি সেসব প্রতিষ্ঠানে গভীরভাবে প্রোথিত। এটি সুবিধাভোগী ও সুবিধাবঞ্চিতদের মধ্যকার ব্যবধানকে আরো বাড়িয়ে দেয়। এটা গ্রহণযোগ্য নয়, এবং আমাদের কাজকর্মের ধারা বদলাতে হবে এবং প্রাগ্রসর জাতিগত সমতায় উন্নীত হওয়ার পথে বাধা দূর করতে হবে।

A BETTER WAY FORWARD

অন্টারিওর 3-বছর মেয়াদী বর্ণবাদ- বিরোধী কৌশলগত পরিকল্পনা

A BETTER WAY FORWARD: অন্টারিওর 3-বছর মেয়াদী বর্ণবাদ-বিরোধী কৌশলগত পরিকল্পনাটি অন্টারিওর বর্ণবাদ-বিরোধী পরিদপ্তর কর্তৃক পরিচালিত হবে।

আরো তথ্যের জন্য দেখুন:

ontario.ca/antiracism



PHOTOGRAPHY HASNAIN DATTU

[Ontario.ca/antiracism](https://ontario.ca/antiracism)